গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
www.ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫-৪৭২ তারিখ: ৭ এপ্রিল ২০২৫

বিষয়: ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা জামান<br>পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ ও সময় | : | ৭ এপ্রিল ২০২৫ খ্রি. সকাল- ১১.০০ টা |
| স্থান | : | পরিচালকের কক্ষ, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভায় বিষয়ভিত্তিক আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ডি-নথি সংক্রান্ত | পরিচালক মহোদয় ৬টি সরকারি শারীরিক শিক্ষা কলেজের ডি-নথি সংক্রান্ত বিষয়ে অগ্রগতি জানতে চাওয়া হলে পরিচালকের একান্ত সহকারী জনাব মোহাম্মদ নাছির উদ্দিন জানান যে, অধ্যক্ষ সরকারি শারীরিক শিক্ষা কলেজ, বরিশাল জানিয়েছেন ডি-নথি লাইভে আসার জন্য ১ মাস সময় লাগবে। | সকল সরকারি শারীরিক শিক্ষা কলেজ ডি-নথি লাইভে আসার বিষয়ে নিশ্চিত করতে হবে। | অধ্যক্ষ, সকল সরকারি শারীরিক শিক্ষা কলেজ |
| ২. | টুর্নামেন্ট বাস্তবায়ন সংক্রান্ত | ১। জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক/বালিকা (অনূর্ধ্ব-১৭)-২০২৪, আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট-২০২৪ টুর্নামেন্ট আয়োজনের জন্য সার-সংক্ষেপ প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>২। ক্রীড়া পরিদপ্তর কর্তৃক আয়োজিত ৬টি ক্রীড়া কর্মসূচি বাস্তবায়নের লক্ষে তারিখ ও সময় চেয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | ১। প্রধান উপদেষ্টার কার্যালয় কর্তৃক আয়োজনের তারিখ ও সময় পাওয়া গেলে টুর্নামেন্ট ২টি বাস্তবায়ন করা হবে।<br><br>২। ক্রীড়া পরিদপ্তর কর্তৃক আয়োজিত ক্রীড়া কর্মসূচিসমূহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত পাওয়া গেলে টুর্নামেন্টসমূহ বাস্তবায়ন করা হবে। | ক্রীড়া পরিদপ্তর |
| ৩. | কলেজসমূহের ভৌত অব-কাঠামো উন্নয়ন সংক্রান্ত | অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ তাঁদের ৬টি কলেজের ভৌত অবকাঠামো উন্নয়নের জন্য চাহিদাপত্র ক্রীড়া পরিদপ্তরে প্রেরণ করেছেন। | দ্রুত ডিপিপি প্রনয়ণের জন্য যাচাই-বাছাই করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রধান সহকারী |
| ৪. | ব্যয় সংক্রান্ত | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর জানান যে, ক্রীড়া পরিদপ্তর ও আওতাধীন দপ্তরসমূহ অবশ্যই পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ অনুসরণ করে ব্যয় করার বিষয়ে আলোচনা হয়। অডিট রিপোর্ট থেকে জানা যায়, সরকারি শারীরিক | ক্রীড়া পরিদপ্তর ও আওতাধীন দপ্তরসমূহ অবশ্যই পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ অনুসরণে ব্যয় করতে হবে। বিধি বহির্ভূত কোন ব্যয় করা যাবে না। এর | অধ্যক্ষ (সকল), জেলা ক্রীড়া অফিসার এবং সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শিক্ষা কলেজসমূহ প্রতিবছর বিধি বহির্ভূত একই রকম ব্যয় করায় অডিট আপত্তি বৃদ্ধি পাচ্ছে যা নিস্পত্তি করা বিলম্বিত হচ্ছে। | ব্যথ্যয় ঘটলে ডিডিও সহ সংশ্লিষ্ট সকলের ব্যক্তিগত দায় নির্ধারণ করা হবে। | |
| ৫. | (AIR) রিপোর্ট সংক্রান্ত | সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের ১২.০২.২০২৫ তারিখের ২৫২ নং স্মারকে ২০২৩-২০২৪ অর্থ বছরের অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) জারি করে এবং ২১ দিনের মধ্যে তা প্রেরণ করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে জনাব মো: জহুরুল হক জনি, জানান যে, উক্ত রিপোর্ট তৈরি করা হয়েছে। আজকে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হবে। | সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জনাব মোঃ আজিম হোসেন, সহকারী পরিচালক ও জনাব মো: জহুরুল হক জনি, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক। |
| ৬. | অডিট আপত্তি সংক্রান্ত | ২০২৩-২০২৪ অর্থ বছরে ক্রীড়া পরিদপ্তরের বিভিন্ন টুর্নামেন্টের বিপরীতে ৩ ঠিকাদার/ সরবরাহকারী প্রতিষ্ঠানের বিল হতে প্রযোজ্য হারে আয়কর কর্তন না করায় অডিট আপত্তি হয়েছে। তন্মধ্যে ডাইভারসিটি ও ইভেন্টকম প্রতিষ্ঠান সরকারি চালানের মাধ্যমে বকেয়া আয়কর প্রদান করে। কিন্তু ঠিকাদারী প্রতিষ্ঠান মাইন্ডডোর এন্টারটেইনমেন্ট এখনো বাকি টাকা জমা প্রদান করেনি। এ বিষয়ে জনাব মো: জহুরুল হক জনি জানান যে, ঠিকাদারী প্রতিষ্ঠান মাইন্ডডোর এন্টারটেইনমেন্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠান আগামী ১ সপ্তাহের জন্য সময় চেয়েছে। | ঠিকাদারী প্রতিষ্ঠান মাইন্ডডোর এন্টারটেইনমেন্ট এর বকেয়া ভ্যাট ও আয়কর জমা প্রদানের ব্যবস্থা করতে হবে। | জনাব মো: জহুরুল হক জনি, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ক্রীড়া পরিদপ্তর |
| ৭. | শিক্ষা মন্ত্রণালয়ের সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর সংক্রান্ত | মাধ্যমিক ও কলেজ পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শিক্ষা বিষয়ক শিক্ষক নিয়োগে বিদ্যমান স্থবিরতা দূরীকরণসহ সরকারি শারীরিক শিক্ষা কলেজে ছাত্র-ছাত্রী ভর্তি বৃদ্ধির লক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের মধ্যে সমঝোতা স্মারক (MoU) সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের সাথে একটি খসড়া সমঝোতা স্মারক (MoU) তৈরী করতে হবে এবং আগামী ১৫ দিনের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ক্রীড়া পরিদপ্তর ও শারীরিক শিক্ষা কলেজসমূহ। |
| ৮. | ওয়েবসাইট হালনাগাদকরণ | পরিচালক জানান, ক্রীড়া পরিদপ্তর, সকল জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। | জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে এবং প্রয়োজনীয় তথ্য আপডেট করতে হবে | অধ্যক্ষ (সকল) সহকারী পরিচালক ও জেলা ক্রীড়া অফিসার (সকল) |
| ৯. | সি সি ক্যামেরা সক্রিয় করা | পরিচালকের একান্ত সহকারী সভায় জানান যে, সিসি ক্যামেরা ক্রয়ের জন্য স্পেসিফিকেশন এর কাজ চলমান রয়েছে। | পিপিআর ২০০৮ অনুসরণ করে সিসি ক্যামেরা ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন/ হিসাব শাখা |
| ১০. | ডিজিটাল হাজিরা | ক্রীড়া পরিদপ্তরে ডিজিটাল হাজিরা স্থাপনের বিষয়ে আলোচনা হয় | ক্রীড়া পরিদপ্তরের ডিজিটাল হাজিরা পদ্ধতি চালু করতে হবে | জনাব মো: আজিম হোসেন, সহকারী পরিচালক |
| ১১. | বকেয়া বিল | সভায় বিগত ২০২৩-২০২৪ অর্থ বছরের বকেয়া বিল সংক্রান্ত বিষয়ে অগ্রগতি চাওয়া হয়। জনাব মো: জহুরুল হক জনি জানান যে, আগামী এক সপ্তাহের মধ্যে নথি উপস্থাপন করা হবে। | আগামী এক সপ্তাহের মধ্যে বিল পরিশোধের ব্যবস্থা করতে হবে। | হিসাব শাখা |
| ১২. | ক্রীড়া সামগ্রী ক্রয় সংক্রান্ত | এ বিষয়ে প্রধান সহকারী জানান যে, ফুটবল ব্যতিত অন্য সকল ক্রীড়া সামগ্রী ক্রয়ের জন্য | দ্রুত ক্রীড়া সামগ্রী ক্রয়ের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান বরাবর NOA প্রদান করা হয়েছে। | | সহকারী |
| ১৩. | ক্রীড়া সামগ্রী বিতরণ সংক্রান্ত | জনাব মো: ফিরোজ হাসান জানান যে, গাজীপুর, রংপুর, লামনিরহাট ও হবিগঞ্জ জেলার জেলা প্রশাসন এর জন্য বরাদ্দকৃত ক্রীড়া সামগ্রী এখনও গ্রহণ করেনি। বাকী সব জেলার মালামাল বিতরণ সম্পন্ন হয়েছে। | গাজীপুর, রংপুর, লামনিরহাট ও হবিগঞ্জ জেলার জেলা প্রশাসন এর জন্য বরাদ্দকৃত ক্রীড়া সামগ্রী গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা ক্রীড়া অফিসারদের সাথে যোগাযোগ করতে হবে। | জনাব মো: আজিম হোসেন, সহকারী পরিচালক ও মো: ফিরোজ হাসান, অ:স:কা:ক:মু: |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

07.08.2025

মোঃ মোস্তফা জামান
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৪১০৫৩৮১৫
ই-মেইল: director@ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫-৪৭২ তারিখ: ৭ এপ্রিল ২০২৫

**বিতরণ: কার্যার্থে**

১. অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা (বাগেরহাট)/বরিশাল/ময়মনসিংহ;

২. জেলা ক্রীড়া অফিসার (সকল) ..........................;

৩. পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;

৪. জনাব ......................................পদবি: .................................. ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;

**সদয় অবগতি:**

১. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

07/08/25

মোঃ আজিম হোসেন
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪১০৫৩৮১৮
ই-মেইল: ada@ds.gov.bd